# বার্ষিকপ্রতিবেদন

# ২০২৩-২৪

**উপজেলা সমবায় কার্যালয়**
**খানসামা,দিনাজপুর**

## উপদেষ্টা



**মোঃরমজান আলী**
**উপজেলা সমবায় অফিসার**
**খানসামা, দিনাজপুর।**

## সম্পাদনা পরিষদ



**মোঃ মোস্তাফিজুর রহমান**
**সহকারী পরিদর্শক**



ভূপতি চন্দ্র রায়
**সহকারী পরিদর্শক**

## প্রচ্ছদ



মোঃ **মোস্তাফিজুর রহমান**
**সহকারী পরিদর্শক**

**প্রকাশকাল**
**অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ।**

**প্রকাশনায়**
উপজেলা সমবায় কার্যালয়,খানসামা, দিনাজপুর
www.cooprative.khansama.dinajpur.gov.bd
Gmail- uco.khansama@gmail.com
ফোনঃ 02589929676



**মাননীয় উপদেষ্টা**
**এ.এফ.হাসান আরিফ**



# সমবায়-সংগীত

-কাজী নজরুল ইসলাম

'ওরে নিপীড়িত, ওরে ভয়ে ভীত শিখে যা আয়রে, আয়।
দুঃখ জয়ের নবীনমন্ত্র- 'সমবায়, সমবায়!'
ক্ষুধার জ্বালায় মরেছি সুধার কলস থাকিতে ঘরে!
দারিদ্র্য, ঋণ, অভাবে জ্বলেছি না চিনে পরস্পরে!
মিলিত হইনি তাই আমাদের দুর্গতি ঘরে ঘরে!
সেই দুর্গতি-দুর্গ ভাঙিব সমবেত পদঘায়॥
মিলি পরমাণু পর্বত হয় সিন্ধু বিন্দু মিলে,
মানুষ শুধুই মিলিবে না কি রে মিলনের এ নিখিলে?
জগতে ছড়ানো বিপুল শক্তি কুড়াইয়া তিলে তিলে
আমরা গড়িব নতুন পৃথিবী সমবেত মহিমায়॥
দুর্ভিক্ষের, শোষণের আর পেষণের জাঁতাকলে
এক হয় নাই বলিয়া আমরা মরিয়াছি পলে পলে।
সকল দেশের সকল মানুষ আজি সহস্র দলে
মিলিয়াছিআসি - রবে না জগতে প্রবলের অন্যায়॥



"আমরা সমাজের অর্ধাঙ্গ, আমরা পড়িয়া থাকিলে সমাজ উঠিবে কীরূপ?কোনো ব্যক্তি এক পা বাঁধিয়া রাখিলে সে খোঁড়াইয়া খোঁড়াইয়া কতদূর চলিবে?পুরুষের স্বার্থ এবং আমাদের স্বার্থ ভিন্ন নহে ।তাহাদের জীবনের উদ্দেশ্য বা লক্ষ্য যাহা আমাদের লক্ষ্য তাহাই।"

**-বেগম রোকেয়া**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা সমবায় কার্যালয়

খানসামা, দিনাজপুর।

www.cooperative.khansama.dinajpur.gov.bd

# মুখবন্ধ

উদ্যোক্তা সৃষ্টি, কর্মসংস্থান সৃষ্টি, বেকারত্ব হ্রাস, দারিদ্র বিমোচনের লক্ষ্যে পঁয়ত্রিশটি আর্থিক ও সেবা খাতে সমবায় সমিতি গঠন করা হচ্ছে । এসমস্ত সমবায় সমিতির সদস্যগণের সঞ্চয় সংগ্রহের মাধ্যমে পুজিঁগঠন, বিভিন্ন উৎপাদনমুখী কর্মকান্ডে বিনিয়োগ করা হচ্ছে। অর্জিত লাভ সদস্যদের মাঝে বন্টন করা হচ্ছে। সমবায় প্রতিষ্ঠান গুলির সক্ষমতা বৃদ্ধি করতে সমবায় সদস্যগণের দক্ষতা সৃষ্টি করতে বিভিন্ন প্রশিক্ষণের আয়োজন করা হচ্ছে।বিভিন্ন প্রকল্পের মাধ্যমে ঋণ প্রদানের সুযোগ সৃষ্টি হয়েছে।

স্বাধীনতা পরবর্তী কালে  পবিত্র সংবিধানের ১৩(খ) অনুচ্ছেদে সমবায়কে মালিকানার অন্যতম গুরুত্ব পূর্ণখাত হিসেবে স্বীকৃতি দেওয়া হয়। এরই ধারাবাহিকতায় বৈষম্যহীন দেশ গঠনের লক্ষ্যে অষ্টম পঞ্চম বার্ষিকী পরিকল্পনা এবং জাতিসংঘ কর্তৃক ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা ২০৩০ বাস্তবায়নের লক্ষ্যে সমবায় বিভাগ কাজ করছে।

খানসামা উপজেলায় ৭৮ টি সমবায় সমিতি এবং ২৩৯৯২ জন ব্যক্তি সদস্য রয়েছে। তাছাড়া খানসামা উপজেলায় বিভিন্ন  উৎপাদনমুখী সমবায় সমিতি গঠন করা হয়েছে। সমবায়ীদের উৎপাদিত পণ্য বাজারজাতকরণের বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

অর্থনীতির সকল খাতেই আজ সমবায় কর্মকান্ড পরিচালিত হচ্ছে । জাতিগঠনমূলক সরকারি প্রতিষ্ঠান হিসাবে খানসামা উপজেলা সমবায় কার্যালয়ের কার্যক্রম এদেশের মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে যে অবদান রাখছে তার একটি চিত্র তুলে ধরার জন্য বার্ষিক প্রতিবেদন ২০২৩-২৪ প্রকাশিত হতে যাচ্ছে । প্রতিবেদনটিতে উপজেলায় সংগঠিত সমবায় সমিতি গুলোর সংখ্যা,ব্যক্তি সদস্য, শেয়ার মূলধন, সঞ্চয় আমানাত, গঠিত অন্যান্য তহবিল, ঋণ সংক্রান্ত তথ্য, লভ্যাংশ বিতরণ ইত্যাদির চিত্র তুলে ধরা হয়েছে। প্রতিবেদনটি সরকারি নীতিনির্ধারক, গবেষক, সমবায় আন্দোলনের সাথে সম্পৃক্ত ব্যক্তিবর্গ, শিক্ষানুরাগীসহ সকল মহলের জন্য সহায়ক হবে বলে আমি মনে করি । বার্ষিক প্রতিবেদন ২০২৩-২৪ প্রণয়নের জন্য তথ্য সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও সম্পাদনার সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানাই।

মোঃ রমজান আলী
উপজেলা সমবায় অফিসার
**খানসামা**,দিনাজপুর।

# সূচিপত্র


প্রারম্ভিকা

১ম অধ্যায় ১. উপজেলা সমবায় কার্যালয়, খানসামা, দিনাজপুর

১.১ সাংগঠনিককাঠামো

১.২ রুপকল্প

১.৩ অভিলক্ষ্য

১.৪ কৌশলগতউদ্দেশ্য

১.৫ আবশ্যিককৌশলগতউদ্দেশ্যসমুহ

১.৬ কার্যাবলী

২য় অধ্যায় ২. সাফল্য ও সম্ভাবনা

২.১ উল্লেখযোগ্য সাফল্য

২.২ সমস্যা এবং চ্যালেঞ্জ সমূহ

২.৩ ভবিষ্যৎ পরিকল্পনা :

৩য় অধ্যায় ৩.সমবায় সমিতি সংক্রান্ত তথ্য

৩.১ কার্যকর ও অকার্যকর সমিতির সংখ্যা

৩.২ সমিতির সদস্য সংখ্যা

৩.৩ শেয়ার মুলধন

৩.৪ সঞ্চয় আমানত

৩.৫ কার্যকারী মুলধন

৩.৬ ঋণবিতরণ ও আদায়

৩.৭ সমিতির লভ্যাংশ বিতরণ

৪র্থ অধ্যায় ৪. রাজস্ব আদায়

৪.১ নিরীক্ষা ফি

৪.২ নিবন্ধন ফি

৪.৩ অন্যান্য

৫ম অধ্যায় ৫. সমবায় উন্নয়ন তহবিল

৬ষ্ঠ অধ্যায় ৬. উপজেলা পর্যায়ে জাতীয় সমবায় পুরস্কার ২০২৩ এর মনোনয়নের তালিকা

৭ মঅধ্যায়৭.প্রশিক্ষণ

৭ ভ্রাম্যমাণ প্রশিক্ষণ

৮ মঅধ্যায় ৮. প্রকল্প


৮.১ আশ্রয়ণ প্রকল্প

৯ম অধ্যায় ৯.বিভাগের জনবল

# সাংগঠনিক কাঠামো

## এক নজরে খানসামা উপজেলার জনবল কাঠামো

উপজেলা সমবায় কার্যালয়
খানসামা, দিনাজপুর
এর
সাংগঠনিক কাঠামো




### উপজেলা সমবায় কার্যালয়, খানসামা,দিনাজপুর এর কর্মকর্তা-কর্মচারিদের টেলিফোন ডিরেক্টরি

| আইডি ও নাম | পদবী | ফোন | মেইল |
|---|---|---|---|
| মোঃ রমজান আলী | উপজেলা সমবায় অফিসার | ০১৭১৬০০৭৯৪৭ | Ramjanthak@gmail.com |
| ভূপতি চন্দ্র রায় | সহকারী পরিদর্শক | ০১৭১৭১৪৭৭৮৮ | bcroy42@gmail.com |
| মোঃ মোস্তাফিজুর রহমান | সহকারী পরিদর্শক | ০১৭১০৪৩৯৭৭৬ | mostafizcvdp2@gmail.com |
| মোঃ মোমিনুর রহমান | অফিস সহায়ক | ০১৭৩৭৮৩৭০৪২ | |

# প্রারম্ভিকা

খানসামা উপজেলা দিনাজপুর জেলা রংপুর বিভাগের উত্তর পশ্চিমাঞ্চলে অবস্থিত। সমুদ্র পৃষ্ঠ থেকে এ জেলার গড় উচ্চতা ১১২ ফুট থেকে ১২০ ফুট। ভৌগোলিকভাবে এই উপজেলা ২৫°১০’এবং ২৬°০৪’ উত্তর অক্ষাংশে এবং ৮৮°০৫" ও ৮৫°২৮" দ্রাঘিমাংশে অবস্থিত। মোট ০৬ টি ইউনিয়ন নিয়ে গঠিত এই উপজেলার আয়তন ১৭৯.৭২ বর্গ কিলোমিটার। জেলার মোট জনসংখ্যা ১,৭৮,৩১৪ জন (২০২২ সালের আদম শুমারি অনুযায়ী), যার মধ্যে পুরুষ ৯০,০৩৮জন এবং মহিলা ৮৮,২৭৬ জন। উত্তর-দক্ষিণে লম্বালম্বিভাবে বিস্তৃত খানসামা উপজেলার উত্তরে পঞ্চগড়ের দেবীগঞ্জ উপজেলা, দক্ষিণে চিরিরবন্দর উপজেলা, পূর্বে নীলফামারী সদর ও সৈয়দপুর উপজেলা এবং পশ্চিমে বীরগঞ্জ উপজেলা। খানসামা উপজেলা ০৬ টি ইউনিয়ন আলোকঝাড়ী, ভেড়ভেড়ী, আঙ্গারপাগা, খামারপাড়া, ভাবকী ও গোয়ালডিহির সমন্বয়ে গঠিত।

বর্তমান **খানসামা উপজেলায় ৭৮** টি সমবায় সমিতি এবং **২৩,৯৯২** জন ব্যক্তি সদস্য রয়েছে।

# ১ম অধ্যায়

## ১ উপজেলা সমবায় কার্যালয়, খানসামা, দিনাজপুর এর রূপকল্প , অভিলক্ষ্য, কৌশল গত উদ্দেশ্য সমূহ এবং কার্যাবলী

### ১.১রূপকল্প;

**টেকসই সমবায়, টেকসই উন্নয়ন।**

### ১.২অভিলক্ষ্য;

**সকল নিবন্ধিত সমবায় সমিতি সমূহের বাস্তব পদক্ষেপ গ্রহণ করা এবং বাস্তবতাকে সফল করতে হলে প্রচলিত সমবায় আইনকে আরো যুগোপযোগী করতে হবে।**

### ১.৩ কৌশলগত উদ্দেশ্য সমূহ;

**১. উৎপাদন, আর্থিক ও সেবাখাতে টেকসই সমবায় গঠন;**

**২. দক্ষতা বৃদ্ধির মাধ্যমে সমবায়ের মানোন্নয়ন;**

**৩. মান সম্পন্ন ও নিরাপদ সমবায় পণ্য উৎপাদন ও প্রসার;**

**৪. দরিদ্র ও অনগ্রসর মহিলাদের সক্ষমতা বৃদ্ধি ও সম্পদের অধিকার অর্জনে কার্যক্রম গ্রহণ।**

### ১.৪ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য সমূহ;

**১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন;**

**২.কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন;**

**৩. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন;**

**৪. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন;**

### ১.৫ কার্যাবলী;

**১. সমবায় নীতিতে উদ্বুদ্ধকরণ ও নিবন্ধন প্রদান;**

**২.সমবায় নিরীক্ষা, পরিদর্শন, ও তদারকির মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠা করা;**

**৩.সমবায় সদস্য বৃন্দকে প্রায়োগিক প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি এবং মূলধন সৃষ্টি ও আত্ম-কর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র হ্রাস করা ;**

**৪. সমবায় নেটওয়ার্কিং জোরদার করার লক্ষ্যে সমবায় মূল্যবোধের প্রচার, প্রকাশনা, সেমিনার ও কর্মশালার আয়োজন করা ;**

**৫. পুঁজিগঠন ও বিনিয়োগের মাধ্যমে মূলধন সৃষ্টি এবং সমবায় ভিত্তিক ব্যবসা প্রতিষ্ঠান গড়ে তোলা;**

**৬.সমবায় ভিত্তিক প্রকল্পের মাধ্যমে গ্রামীণ মহিলাদের ক্ষমতায়ন ও আর্থ-সামাজিক উন্নয়ন;**

**৭. সমবায় পণ্য ব্র্যান্ডিং ও বাজার সংযোগ প্রতিষ্ঠা করা ;**

**৮. অভিলক্ষ্য অর্জনে প্রয়োজনীয় নীতিমালা, উন্নয়ন কর্মসূচি এবং উন্নয়ন প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন করা ;**

# ২য় অধ্যায়

### ২.১ উল্লেখযোগ্য সাফল্য

সমবায়কে উন্নয়নমুখী ও টেকসই করার জন্য সমবায় অধিদপ্তরের কাজের ধারাবাহিকতা রক্ষার পাশাপাশি ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার ভিত্তি প্রস্তুতের ক্ষেত্রে উপজেলা সমবায় কার্যালয়, খানসামা বিগত বৎসরে উল্লেখ যোগ্য সাফল্য অর্জনে সক্ষম হয়েছে । কর্মকর্তাগণের উদ্ভাবনী প্রয়াসের ফলে সমবায়কে আরও গণমানুষের সংগঠনে পরিণত করতে ও এর গুণগত মান উন্নয়নে সারাদেশে উৎপাদনমুখী ও সেবাধর্মী সমবায় গঠন, সমবায় উদ্যোক্তা সৃষ্টির কৌশল অবলম্বন, সমবায় পণ্য উৎপাদন ও বাজারজাত করণে সহায়ক ভূমিকা পালন করতে সক্ষম হয়েছে । ১০০ জন সমবায়ীকে ভ্রাম্যমাণ প্রশিক্ষণের মাধ্যেমে চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে । চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে ১০১ জনের আত্ম-কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে। এছাড়া ও 'রূপকল্প ২০২১', 'এসডিজি' অর্জন এবং ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার আলোকে সমবায় অধিদপ্তর কর্তৃক গৃহীত উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে । বাস্তবায়িত ও চলমান এ সকল প্রকল্পগুলোর মাধ্যমে বিগত ০৩ বছরে অনেক গ্রামীণ মহিলা ও বেকার যুবককে স্বাবলম্বী করা সম্ভব হয়েছে।

### ২.২ সমস্যা এবং চ্যালেঞ্জ সমূহ

উন্নয়নমুখী ও টেকসই সমবায় গঠনের মাধ্যমে খানসামা উপজেলার বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে উপজেলা সমবায় কার্যালয়, খানসামার চ্যালেঞ্জ বহুবিধ। এ উপজেলায় নিবন্ধিত সমবায় এর সংখ্যা ৭৮। নানা শ্রেণি ও পেশার সম্মিলনে তৈরী হওয়া  বৈচিত্রময় কার্যক্রমপূর্ণ এ বিপুল সমবায়কে নিয়মিত অডিট করা, নিবিড়ভাবে মনিটরিং করা এবং সদস্যদেরকে দক্ষ ও আন্তরিক সমবায়ী হিসেবে গড়ে তোলা অন্যতম বড় চ্যালেঞ্জ । সমবায়ীগণের চাহিদা পূরণে প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান সময়ের অন্যতম দাবী । কিন্তু প্রয়োজনীয় জনবল, প্রয়োজনীয় যানবাহন ও পর্যাপ্ত অর্থ বরাদ্দ না থাকায় রুটিন কাজের মাধ্যমে এসমস্যার সমাধান সম্ভব হচ্ছে না । তাছাড়া মাঠ পর্যায়ে চাহিদা অনুযায়ী উন্নয়ন প্রকল্প না থাকায় সমবায়কে ব্যাপক ভাবে উন্নয়নমুখী কার্যক্রমে সম্পৃক্ত করা যাচ্ছে না।

### ৩.২ ভবিষ্যৎ  পরিকল্পনা :

সমবায় এর সংখ্যা যৌক্তিক পর্যায়ে নিয়ে আসার জন্য অবসায়নে ন্যস্ত সমবায় সমিতিগুলোর অবসায়ন দ্রুত নিষ্পত্তি করা আগামী অর্থ বছরের অন্যতম প্রধান লক্ষ্য। সেজন্য নিবন্ধন বাতিল ও অকার্যকর হয়ে পড়া সমবায় সমিতিসমূহকে পুনকার্যকর করার পদক্ষেপ গ্রহণ করা হবে। পাশাপাশি ইউনিয়ন3ভিত্তিক সুনির্দিষ্ট সংখ্যক সমিতি চিহ্নিত করে উৎপাদনমুখী সমিতিতে রূপান্তর করার উদ্যোগ বাস্তবায়ন করা হবে। উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে বিভাগীয় সমবায় কার্যালয়ের নাগরিক সেবা সহজ করা ওট্রেডভিত্তিক প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান করার মাধ্যমে সমবায় উদ্যোক্তা সৃষ্টি করা ও আত্ম-কর্মসংস্থানের পথ সুগম

করা ও অন্যতম লক্ষ্য। সমবায়ের মাধ্যমে দেশীয় উৎপাদন বৃদ্ধি এবং উৎপাদিত পণ্য সরাসরি ভোক্তাদের নিকট সুলভ মূল্যে পৌছে দেয়ার লক্ষ্যে সমবা য়পণ্যের ব্র্যান্ডিং, বাজারজাতকরণে সহায়তা করা হবে। এছাড়া সমবায়ের মাধ্যমে নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠী, সুবিধাবঞ্চিত ও অনগ্রসর জনগোষ্ঠী ও  মহিলাদের সরাসরি ও বিকল্প কর্মসংস্থান সৃষ্টি, সামাজিক ও আর্থিক বৈষম্য হ্রাস এবং জীবনযাত্রার মানউন্নয়নে ও ক্ষমতায়নের জন্য প্রকল্প/কর্মসূচি গ্রহণে সমবায় অধিদপ্তরে প্রকল্প/কর্মসূচির প্রস্তাব প্রেরণ করা হবে।




খানসামা উপজেলার  মাসিক সমন্বয় সভা।

# ৩য় অধ্যায়

### ৩.সমবায় সমিতি সংক্রান্ত তথ্য

### ৩.১ উপজেলার কার্যকর ও অকার্যকর সমিতির সংখ্যা

### ৩.২ উপজেলার সমিতির সদস্য সংখ্যা

| উপজেলার নাম | কার্যকর সমিতির সংখ্যা | অকার্যকর সমিতির সংখ্যা | মোট সমিতির সংখ্যা | মোট সমিতির সদস্য সংখ্যা |
|---|---|---|---|---|
| খানসামা | ৭৬ | ২ | ৭৮ | ২৩.৯৯২ |

### ৩.৩ উপজেলার সমবায় সমিতির শেয়ার মুলধন,সঞ্চয় আমানত,কার্যকারী মুলধন ,ঋণ বিতরণ ও আদায়

| উপজেলার নাম | **শেয়ার মুলধন,** | **সঞ্চয় আমানত** | **কার্যকারী মুলধন** | **ঋণ বিতরণ** | **ঋণ আদায়** |
|---|---|---|---|---|---|
| খানসামা | ৯২১৪০০০ | ১২২১২৭০০ | ২১৪২৬৭০০ | ১৮০২০০০০ | ১১০১৬৭০০ |

### ৩.৭ সমিতির লভ্যাংশ বিতরণ

| উপজেলার নাম | লভ্যাংশ বিতরণের লক্ষ্যমাত্রা | | | লভ্যাংশ বিতরণকৃত অর্থের পরিমান | | |
|---|---|---|---|---|---|---|
| | সাধারণ | পউব | মোট | সাধারণ | পউব | মোট |
| খানসামা | ৭২৩২৫৭ | -- | ৭২৩২৫৭ | ৫৮৮৪৫২ | -- | ৫৮৮৪৫২ |

২০২২-২০২৩ অর্থ বছরের ধার্য ও আদায়কৃত অডিট ফি এর পরিমাণ

| ক্রমিক নং | উপজেলার নাম | ধার্যকৃত অডিট ফি এর পরিমাণ বিভাগীয় | | | পউব | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|
| | | কেন্দ্রীয় | প্রাথমিক | মোট | কেন্দ্রীয় | মোট |
| | **খানসামা** | - | ৩৬৯১০ | ৩৬৯১০ | - | ৬৯১০ |

## খানসামা উপজেলার ২০২৩-২০২৪ অডিট বর্ষের চিত্র

| ক্রঃ নং | উপজেলার নাম | কেন্দ্রীয় অডিট বরাদ্দ | অডিট সম্পাদন | প্রাথমিক অডিট বরাদ্দ | অডিট সম্পাদন |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৫ | ৬ | ৮ |
| ১ | খানসামা | ০১ | ০ | ৭৪ | ২৮ |

**বিঃ দ্রঃকালব্ ভূক্ত সমিতি - ০২ টি (যা কালব্ কর্তৃক অডিট সম্পাদিত হয়)**

# ৪র্থ অধ্যায়

### ৪. রাজস্ব আদায়

**৪.১নিরীক্ষাফি**
**৪.২নিবন্ধনফি**
**৪.৩অন্যান্য)**

| উপজেলার নাম | নিরীক্ষাফি | নিবন্ধনফি | অন্যান্য (কোট ফি) | মোট |
|---|---|---|---|---|
| খানসামা | ৩৬৯১০ | ৯০০ | ১৩৫ | ৩৭৯৪৫ |

# ৫ম অধ্যায়

### ৫.সমবায় উন্নয়ন তহবিল

২০২২-২০২৩ অর্থ বছরের ধার্য ও আদায়কৃত অডিট ফি এর পরিমাণ

| ক্রমিক নং | উপজেলার নাম | ধার্যকৃত অডিট ফি এর পরিমাণ কেন্দ্রীয় | | | প্রাথমিক | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|
| | | সাধারণ | পউব | মোট | সাধারণ | মোট |
| ১ | **খানসামা** | - | - | - | ৩৭৩০৬ | ৩৭৩০৬ |
| | | | | | | |

# ৬ষ্ঠ অধ্যায়

## ৬. উপজেলা পর্যায়ে জাতীয় সমবায় পুরস্কার ২০২৩ এর মনোনয়নের তালিকা

**উপজেলা সমবায় অফিসারের কার্যালয়, খানসামা এর**

**জাতীয় সমবায় পুরস্কার,২০২৩ এর জন্য খানসামা উপজেলার মনোনীত শ্রেষ্ঠ সমবায় সমিতির তালিকা**

**জাতীয় সমবায় পুরস্কার, ২০২৩ শ্রেষ্ঠ সমবায় সমিতি**

| ক্রঃ নং | সমিতির শ্রেণি | সমিতির নাম ও ঠিকানা | মূল্যায়ন নম্বর |
|---|---|---|---|
| ০১. | কৃষি ভিত্তিক/সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি | কাচিনিয়া বাজার বেলানখাল পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ। গ্রাম- কাচিনিযা, ডাক- কাচিনিয়া। | **৬২** |
| ০২. | সঞ্চয় ও ঋণদান/ক্রেডিট সমবায় সমিতি | খানসামা উপজেলা শিক্ষক-কর্মচারী কো- অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ গ্রাম- গোবিন্দপুর,ডাকঘর- খানসামা । | **৬৮** |
| ০৩. | উৎপাদনমুখী সমবায় সমিতি | **ওকড়াবাড়ী নতুন জীবন সবজী উৎপাদনকারী মহিলা সমবায় সমিতি লিঃ, গ্রাম- সুবর্ণখূলী, ডাকঘর- সাবুদেরহাট।** | ৫৭ |
| ০৪ | বিশেষ ও অন্যান্য শ্রেণী | মোঃ আমিনুল হক,কাম-টু-সেভ (সিটিএস)বহুমুখী সঃ সঃ লিঃ,পিতা-মৃত.আলহাজ্ব হযরত আলী,গ্রাম-সরদারপাড়া,ডাক-দিনাজপুর,উপজেলা-দিনাজপুর সদর,জেলা-দিনাজপুর। | ৮০ |

# ৭ম অধ্যায়

## ৭.ভ্রাম্যমান প্রশিক্ষণ

২০২৩-২০২৪ খ্রিঃ অর্থ বছরের খানসামা উপজেলার ভ্রাম্যমাণ প্রশিক্ষণ প্রতিবেদন

| ক্রঃ নং | উপজেলার নাম | বাৎসরিক লক্ষ্যমাত্রা | | | | বিগত মাস পর্যন্ত অগ্রগতি | | | | চলতি মাসের অগ্রগতি | | | | ক্রমপুঞ্জিভূত অগ্রগতি | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ২০২৩-২০২৪ | | | | | প্রশিক্ষণার্থী | | | | প্রশিক্ষণার্থী | | | | প্রশিক্ষণার্থী | | |
| | | কোর্স | পুরুষ | মহিলা | মোট | কোর্স | পুরুষ | মহিলা | মোট | কোর্স | পুরুষ | মহিলা | মোট | কোর্স | পুরুষ | মহিলা | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ |
| ১ | খানসামা | ০২ | ৩৫ | ১৫ | ৫০ | ০১ | ১৭ | ০৮ | ২৫ | - | - | - | - | ০১ | ১৭ | ০৮ | ২৫ |

# ৮ম অধ্যায়

## ৮. প্রকল্প

### ৮.১. আশ্রয়ণ প্রকল্প

ক. আশ্রয়ণ

| উপজেলার নাম | প্রকল্পেরসংখ্যা | ব্যারকসংখ্যা | বসবাসরতপরিবার | ঋণদাদন | ঋণআদায়(আসল) |
|---|---|---|---|---|---|
| খানসামা | ২ | ২০ | ২০০ | - | - |

খ. আশ্রয়ণ-২

| | | | | | |
|---|---|---|---|---|---|
| খানসামা | **৬** | **২৪৬** | **১৩৫** | - | - |

গ. আশ্রয়ণ ফেইজ-২

| উপজেলার নাম | প্রকল্পেরসংখ্যা | ব্যারকসংখ্যা | বসবাসরতপরিবার | ঋণদাদন | ঋণআদায় (আসল) |
|---|---|---|---|---|---|
| খানসামা | **১** | **৭** | **৭০** | **৯৫০৫০০** | ৪৮৯৪২৩ |

# ৯ম অধ্যায়

### ৯.উপজেলা সমবায় কার্যালয়, খানসামা,দিনাজপুর এর জনবল সম্পর্কিত তথ্যঃ

**উপজেলা সমবায় কার্যালয়,খানসামা, দিনাজপুর এর জুলাই/২০২৩ হতে জুন/২০২৪ খ্রিঃ মাস পর্যন্ত মঞ্জুরীকৃত পদ ও শুন্য পদের বিবরনী।**

| ক্র নং | পদেরনাম | মোট মঞ্জুরীকৃত পদের সংখ্যা | মোট কর্মরত পদের সংখ্যা | মোট শুন্য পদের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৭ |
| ১. | উপজেলা সমবায় অফিসার | ০১ | ০১ | ০ | |
| ২. | সহকারী পরিদর্শক | ০২ | ০২ | ০ | |
| ৩. | অফিস সহকারী কম কম্পিউটার অপারেটর | ০১ | ০ | ১ | |
| ৪. | অফিস সহায়ক | ০১ | ০১ | ০ | |
| | **মোট=** | ০৫ | ০৪ | ০১ | |

# সমাপ্ত